
Lalmohan®
Believed in best classical ayurveda 91 years
শক্তি সঞ্জীবন: রোজকার দৌড়ঝাঁপ জনিত ট্রেসমুক্ত জীবন পেতে নিয়মিত সেবন করুন বলবর্ধক হেল্‌থ টনিক। সব ঋতুতে সকলের সেবনযোগ্য।
নিকটবর্তী আয়ুর্বেদিক ওষুধের দোকানে খোঁজ করুন
রোগ সংক্রান্ত প্রয়োজনে ডাক্তারবাবুর সঙ্গে বিনামূল্যে পরামর্শ করার জন্য যোগাযোগ করুন:
লালমোহন ঔষধালয়, কলকাতা
Mob: 9732547039
Website: www.lalmohanaushadhalaya.com



খবরের কাগজ, গল্পের নয়

# যুগশঙ্খ

কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি, শিলচর ও গুয়াহাটি থেকে একযোগে প্রকাশিত




Human Behavioural Pattern analyst & Genetic councellor. Also a Mental toughness trainer.
Jyotish Professor
Dr. Sri Gobindo
Contact 9830459023
Chamber Gariahat Sovabazar and others
Founder President Sree Binayak Astro Institute
Youtube channel Sri Gobindoo



Website: jugasankha.in
E-Paper: dainikjugasankha.in

কলকাতা রবিবার, ৩ নভেম্বর, ২০১৯, ১৬ কার্তিক, ১৪২৬

দাম ৫ টাকা (১৬ পাতা)




ব্যাংককে পৌঁছনোর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভ্যর্থনা জানাচ্ছেন প্রবাসী ভারতীয়রা। শনিবার।

## পাঁচ মিলিয়ন ডলারের অর্থনীতির পথে ভারত

### হাউডি-র পর থাইল্যান্ডে সাওয়াসদি মোদি

**ব্যাংকক, ২ নভেম্বর, (সংবাদ সংস্থা):** ট্রাম্প মুলুকে সুপার-ডুপার হিট 'হাউডি মোদি'র পর এ বার 'সাওয়াসদি মোদি'। প্রবাসী ভারতীয়দের চিত্তজয়ের নতুন কৌশলে ফের বাজিমাত করলেন নরেন্দ্র মোদি।

দেশের প্রধানমন্ত্রীকে নিয়ে প্রবাসীরা যে গর্বিত ও আপ্লুত, তা আরও একবার প্রমাণ হল ব্যাংককে। এক ঢিলে কয়েক পাখি মারায় দারুণ মুন্সিয়ানা রয়েছে মোদির, এ দিনও এর ব্যত্যয় ঘটেনি। দেশের অর্থনীতি নিয়ে যখন বিরোধী থেকে শুরু করে সাধারণ মানুষ গেল গেল রব তুলছেন, তখন সিঙ্গাপুরে প্রবাসীদের মঞ্চে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী স্পষ্ট ভাষায় জানালেন, পাঁচ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দিকে দাপটের সঙ্গেই এগোচ্ছে ভারত।

এবং এগোচ্ছে বলেই পাঁচ বছর পর লোকসভা নির্বাচনে সাধারণ মানুষ দু'হাত ভরে তাঁর দলকে ভোট দিয়ে ফের সরকারে বসিয়েছে।

দক্ষিণ-পূর্ব এশিয়ার গেটওয়ে হতে চলেছে উত্তর-পূর্বাঞ্চল। শনিবার ব্যাংকক সফরে গিয়ে এ মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদি।

ব্যাংককে ভারতীয়দের সমাবেশে প্রধানমন্ত্রী এ দিন বলেন, ভারত-ব্যাংকক সম্পর্ক দীর্ঘদিনের পুরনো এবং মজবুত। দু'দেশের সার্বিক উন্নয়নে ভারত-ব্যাংকক একে অপরের অংশীদার।

মোদি বলেন, মায়ানমার এবং তৎসংলগ্ন এলাকার মধ্য দিয়ে দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজ্যগুলো উত্তর-পূর্বাঞ্চলের মাধ্যমে করিডোর গড়ে তুলতে পারে। ➤ পৃ. ৯

## লেকের ভিতর মসজিদ, যত বাধা ছটপুজোয়!

### তালা ভেঙে রবীন্দ্র সরোবরে ঢুকলেন পুণ্যার্থীরা, ধৃত ১৬

**অভীক বন্দ্যোপাধ্যায়**

**কলকাতা, ২ নভেম্বর:** রবীন্দ্র সরোবরে মসজিদ থাকলে ছটপুজোয় বাধা কেন? শনিবার সরোবরে ছটপুজো ঘিরে পুলিশি ধরপাকড়ের প্রতিবাদে এই প্রশ্নই তুললেন পুণ্যার্থীরা।

দু'দিন আগেই পোস্তায় জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে এসে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছিলেন, পরিবেশ আদালতের নির্দেশ মানলেও রবীন্দ্র সরোবরে একসঙ্গে ১০ লক্ষ লোক ঢুকে পড়লে তিনি গুলি চালিয়ে আটকাতে পারবেন না। খোদ রাজ্যের মুখ্যমন্ত্রীর এই মন্তব্য শুনে প্রমাদ গুনেছিলেন পরিবেশপ্রেমীরা। আর শনিবার ছটপুজোর সকালে সেই আশঙ্কা সত্যি করেই তালা ভেঙে দলে দলে ঢুকে পড়লেন পুণ্যার্থীরা। সকালের উপাচারের পর বিকেলে করলেন পুজোও। আর হাত গুটিয়ে বসে রইল না পুলিশও। সন্ধ্যার পর পুজো মিটতেই রবীন্দ্র সরোবর থানা গ্রেফতার করল ১৬ জনকে। ধৃতদের নাম রাকেশ সাউ, রামভরত যাদব, সতীশ হেলা, প্রকাশ কুমার, রোহিত মণ্ডল, প্রসূনকুমার সিং, সন্তোষ রায়, ভিকি সাউ, অমর ঝাঁ, সঞ্জীব কুমার, রাজেশ রাম, সুজিত সিং, রোশন ঝাঁ, সোনু সিং, রঞ্জন নস্কর, সঞ্জয় মাহাতো। আর তার জেরেই ছট পুণ্যার্থীরা প্রশ্ন তুলেছেন, রবীন্দ্র সরোবরের ভিতরে থাকা মসজিদে ইদ পালনের সমস্যা নেই, তাহলে ছটপুজোয় বাধা কেন? একই রাজ্যে দুই ভিন্ন ধর্মের মানুষের জন্য সরকার দ্বি-মুখী নীতি নিয়েছে বলেও অভিযোগ তাঁদের। ➤ পৃ. ৯




রবীন্দ্র সরোবরের গেটের তালা ভেঙে ভিতরে ঢুকছেন পুণ্যার্থীরা। (ডানে) লেকের ধারে চলছে ছটপুজো। শনিবার কলকাতায়।

## পুলিশকে গুলি তৃণমূল নেতার! মৃত এক

### আহত তিন, জামাত-যোগের অভিযোগ রাহুল সিনহার

**পরিমল দে ও পঙ্কজ বিশ্বাস**

**বসিরহাট ও বিধাননগর, ২ নভেম্বর:** সন্দেশখালিতে দুষ্কৃতীদের গুলিতে মৃত্যু হল এক পুলিশ কর্মীর। গুরুতর জখম আরও দুই পুলিশ কর্মী-সহ তিন জন। শুক্রবার রাতের এই ঘটনায় অভিযোগের তির তিন তৃণমূল নেতার বিরুদ্ধে। অভিযুক্তদের মধ্যে দুই তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

সন্দেশখালির ঘটনা প্রসঙ্গে শনিবার বিস্ফোরক অভিযোগ করেন বিজেপি নেতা রাহুল সিনহা। এদিন কলকাতা বিমান বন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, 'সন্দেশখালিতে যারা পুলিশের উপর গুলি চালিয়েছে তাদের সঙ্গে বাংলাদেশের নিষিদ্ধ সংগঠন জামাতে ইসলামির যোগ রয়েছে।' রাহুল বলেন, 'তৃণমূল একদল মাস্তান পুষেছে, যাদের সঙ্গে বাংলাদেশের জামাতে ইসলামির যোগ রয়েছে। তাদের হাতে অস্ত্র থাকায় তারা পুলিশ ও সাধারণ মানুষের উপর গুলি চালিয়েছে। ➤ পৃ. ৯

সন্দেশখালি



নিহত পুলিশ বিশ্বজিৎ মাইতি



দু'পক্ষের মধ্যে সংঘর্ষে উত্তেজনা পলতায়। শনিবার।

## বিজেপি-তৃণমূল সংঘর্ষে রণক্ষেত্র পলতা, জখম ১০

**অলোককুমার ঘোষ**

**ব্যারাকপুর, ২ নভেম্বর:** টোটো ইউনিয়নের অফিস ও স্ট্যান্ডের দখলদারি ঘিরে বিজেপি ও তৃণমূল কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় রণক্ষেত্রের চেহারা নিল উত্তর ২৪ পরগনার পলতা পূর্ব স্টেশন রোড এলাকা। সংঘর্ষে জখম উভয় পক্ষের অন্তত ১০ জন কর্মী-সমর্থক। আহতদের ব্যারাকপুর বিএন বসু মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। নোয়াপাড়া থানার পুলিশ এলাকায় লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

জানা গিয়েছে, পলতা পূর্ব স্টেশন রোডে টোটো ইউনিয়নের একটি অফিস ও স্ট্যান্ড রয়েছে। গত লোকসভা ভোটে বিজেপি প্রার্থী অর্জুন সিং জেতার পর থেকেই ওই অফিস ও স্ট্যান্ডটি বিজেপি পরিচালিত ছিল বলে দাবি গেরুয়া শিবিরের। অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের দাবি, এই ইউনিয়ন অফিসটি তাদের ছিল। লোকসভা নির্বাচনে বিজেপির জয়ের পর অফিসটি দখল করে বিজেপি। তৃণমূলের পতাকা খুলে ফেলে সেখানে বিজেপির পতাকা লাগানো হয় এবং বিজেপির ➤ পৃ. ৯



আহতের চিকিৎসা চলছে বিএন বসু হাসপাতালে। ব্যারাকপুরে শনিবার।

## আমার ফোনে আড়ি পাতছে মোদি সরকার! অভিযোগ দিদির



**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২ নভেম্বর:** মোদি সরকার আমার ফোনে আড়ি পাতছে। কেন্দ্র সব জানে। কেন্দ্র আর দুই রাজ্য সরকারের নির্দেশেই ফোনে নজরদারি চালানো হচ্ছে। হোয়াটসঅ্যাপে নজরদারি নিয়ে যখন সারা দেশ উত্তাল, সেই সময় গোপনীয়তা লঙ্ঘন, আড়ি পাতা নিয়ে মোদি সরকারের বিরুদ্ধে এমনই বিস্ফোরক অভিযোগ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ➤ পৃ. ৯

## উপনির্বাচনে বিজেপির প্রার্থী তালিকা চূড়ান্ত

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২ নভেম্বর:** শনিবার রাজ্যের তিন বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের চূড়ান্ত প্রার্থীতালিকা ঘোষণা করল বিজেপি। কালিয়াগঞ্জ আসনে প্রার্থী হয়েছেন কমলচন্দ্র সরকার, খড়্গপুর সদর কেন্দ্রে প্রেমচাঁদ ঝাঁ এবং করিমপুর আসনে প্রার্থী হচ্ছেন রাজ্য বিজেপির সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার।

আগামী ২৫ নভেম্বর রাজ্যের তিন বিধানসভা আসন কালিয়াগঞ্জ, করিমপুর ➤ পৃ. ৯

## পাক চক্রান্তেই কাশ্মীরে বাঙালি খুন: দিলীপ

**নিজস্ব প্রতিনিধি, বিষ্ণুপুর ও কলকাতা, ২ নভেম্বর:** 'পাকিস্তানের চক্রান্তের জেরেই কাশ্মীরে বাঙালিদের হত্যা করা হচ্ছে।' শনিবার দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরে এমনটাই অভিযোগ করলেন দিলীপ ঘোষ।

রাজ্য বিজেপি সভাপতি এদিন বলেন, 'ভুল বুঝিয়ে কাশ্মীর থেকে বাঙালিদের এ রাজ্যে ফেরানো হচ্ছে। আমরা সবরকম চেষ্টা করছি যাতে কাশ্মীরে সুস্থ পরিবেশ বজায় থাকে। ➤ পৃ. ৮



হাওড়ার বাজেকদমতলা ঘাটে দিলীপ ঘোষ। শনিবার।

### দিল্লির আদালত চত্বরে সংঘর্ষ, গুলি

দিল্লির তিস হাজারি কোর্টে গাড়ি পার্ক করা নিয়ে হাতাহাতিতে জড়িয়ে পড়লেন আইনজীবী ও পুলিশরা। শুক্রবার বিকেলের এই ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন পুলিশ ও আইনজীবী। জ্বালিয়ে দেওয়া হয়েছে পুলিশের একটি ভ্যান। দুই পক্ষের সংঘর্ষে আহত হয়েছেন অনেকেই।

বিস্তারিত পৃ. ৫

### সংবাদ সংক্ষেপে

- পদ্ম-ঘাসফুল সংঘর্ষে উত্তপ্ত কোচবিহার, বিজেপি কর্মীর আঙুল কাটল দুষ্কৃতীরা পৃ. ৩
- এগরায় বোমা ফেটে জখম নাবালক-সহ ২ পৃ. ৩
- গোষ্ঠীদ্বন্দ্বের জের, প্রকাশ্যে তৃণমূল নেতাকে বোমা মেরে খুন পৃ.৩

## মমতার বিজয়া সম্মেলনে আমন্ত্রণ না পেয়ে ক্ষুব্ধ রাজ্যপাল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২ নভেম্বর:** মুখ্যমন্ত্রীর বিজয়া সম্মেলনে ডাক পেলেন না রাজ্যপাল জগদীপ ধনকর। আর তা নিয়ে ফের নিজের ক্ষোভ উগরে দিলেন তিনি।

শুক্রবার সন্ধ্যায় ইকোপার্কে বিজয়া সম্মেলনের আয়োজন করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু তাতে আমন্ত্রণ পাননি রাজ্যপাল। রাতেই রাজভবনের দুর্গাপুজো কমিটি আয়োজিত বিজয়া সম্মেলন অনুষ্ঠানে যোগ দিয়ে অভিমানের সুরে রাজ্যপাল বলেন, 'রাজ্য সরকারের কাছ থেকে ➤ পৃ. ৯

## বিজেপি ব্যর্থ হলে সরকার গড়তে তৈরি শিবসেনা

**মুম্বই, ২ নভেম্বর (সংবাদ সংস্থা):** দিন যত এগিয়ে আসছে, তত বিজেপির ওপর চাপ বাড়াচ্ছে শিবসেনা।

শুক্রবার এনসিপি সুপ্রিমো শরদ পাওয়ারের সঙ্গে উদ্ধব ঠাকরের ফোনালাপের পরই বোঝা গিয়েছিল, বিজেপিকে ছাড়াই সরকার গঠনের প্ল্যান-বি তৈরি রাখছে শিবসেনা। তলে তলে যোগাযোগ রাখছে এনসিপি-কংগ্রেসের সঙ্গে। ➤ পৃ. ৯

### মুঘলদের মতো হুমকি দেবেন না!

৭ নভেম্বরের মধ্যে সরকার গঠিত না হলে রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হবে। বলেছিলেন বিজেপি নেতা। শিবসেনার প্রতিক্রিয়া, এই হুমকি মুঘল জমানার মতো শোনাচ্ছে। বিস্তারিত পৃ. ৫

### লস্কর জঙ্গি ধৃত

শনিবার সকালে সেনা এবং পুলিশের যৌথ অভিযানে গ্রেফতার হল দানিশ আহমেদ নামের এক লস্কর জঙ্গি।

বিস্তারিত পৃ. ৫

### আজকের যুগশঙ্খ ডিজিটাল পোল

এবার সারা দেশেই এনআরসি জরুরি বলে বিজেপিকে বার্তা দিলেন মোহন ভাগবত। আপনি কি সহমত?

হ্যাঁ ☐ না ☐ জানি না ☐

গতকালের ফলাফল

দিলীপ ঘোষের দাবি, পশ্চিমবঙ্গে কাজ নেই বলেই বাঙালি শ্রমিকরা ভিনরাজ্যে যাচ্ছেন এবং খুন হচ্ছেন। এই অভিযোগ যুক্তিযুক্ত?

হ্যাঁ ৮২% না ১৮% জানি না ০%

ভোট দেওয়ার জন্য লগ ইন করুন: jugasankha.in

## অযোধ্যায় জিতলে আনন্দোৎসব নয়! হিন্দুদের নির্দেশ সংঘের

### গোটা দেশে এনআরসি চায় আরএসএস

**নয়াদিল্লি, ২ নভেম্বর (আইএএনএস):** অযোধ্যা মামলায় হিন্দুপক্ষ জয়ী হলে আনন্দোৎসব না করতে দলের সমর্থকদের কঠোর নির্দেশ দিল আরএসএস।

এ নিয়ে দেশের কোথাও মিছিল বের না করারও নির্দেশ দিয়েছে সংঘ পরিবার।

শুক্রবার নয়াদিল্লিতে দলের এক গুরুত্বপূর্ণ বৈঠকে সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নিয়েছেন সংঘের নেতারা। সূত্র মতে, এ দিন দু'টি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে আরএসএস। এ দিকে, সংঘ পরিবারের এই সিদ্ধান্তে শুধু স্বস্তি নয়, রীতিমতো হাসি ফুটেছে গেরুয়া শিবিরে। ➤ পৃ. ৯



মোহন ভাগবত

## বাংলার সংস্কৃতিই দেশকে পথ দেখায়: কৈলাস

**শংকর দত্ত**



**কলকাতা, ২ নভেম্বর:** 'এই বাংলার শিল্প, সাহিত্য, সিনেমা, সবকিছুই দেশকে প্রতিনিয়ত পথ দেখিয়ে এসেছে। আগামী দিনেও দেখাবে। সত্যজিৎ রায় থেকে মৃণাল সেন, রবীন্দ্রনাথ থেকে আশুতোষ মুখোপাধ্যায়ের বাংলা এটা। এখানেই সাহিত্য ও সংস্কৃতির আসল চাষাবাদ হয়। আগামী দিনেও বাংলার কলা-কুশলী, শিল্পী, সাহিত্যিক ও খেলোয়াড়রা বাংলাকে বিশ্বের মাঝে তুলে ধরবেন।' কথাগুলো যিনি বললেন, তিনি বিজেপির পশ্চিমবঙ্গের পর্যবেক্ষক কৈলাস বিজয়বর্গীয়। ➤ পৃ. ৯

## বাঙালি হিন্দু শরণার্থীকে নিঃশর্ত নাগরিকত্ব! আশ্বাস বিশ্বপ্রিয়র

**রক্তিম দাশ**

**কলকাতা, ২ নভেম্বর:** চলতি নভেম্বরেই সংসদে বিল পাশ করে ভারতে বসবাসরত শরণার্থীদের নিঃশর্ত নাগরিকত্ব দেবে মোদি সরকার।

যুগশঙ্খের সঙ্গে একান্ত সাক্ষাৎকারে এমনটাই দাবি করলেন বিজেপির পশ্চিমবঙ্গের রাজ্য সহ-সভাপতি বিশ্বপ্রিয় রায়চৌধুরি।

এনআরসি প্রসঙ্গে বলতে গিয়ে বিশ্বপ্রিয়বাবু বলেন, 'দিদির এ নিয়ে বলার কোনও অধিকার নেই। উনি সংবিধান জানেন না। এনআরসি সংবিধানের আওতাভুক্ত। আমরা এনআরসি চালু হওয়ার আগে নাগরিকত্ব বিল পাশ করবই। বাংলাদেশ থেকে ভারতে আগত হিন্দু বাঙালি শরণার্থী, মতুয়া, আদিবাসী, খ্রিস্টান, বৌদ্ধরা নাগরিকত্ব পাবেন। কেউই দেশের বাইরে যাবেন না। এই বিল যারা রাজ্যসভায় পাশ করতে দেয়নি তারা এখন কান্নাকাটি করছে। কংগ্রেস-সিপিএম-তৃণমূল উদ্বাস্তুদের ভোটব্যাংক হিসাবে ব্যবহার করেছে। এদের নাগরিকত্ব দেওয়ার ইচ্ছা কোনওদিনই ছিল না তাদের।' ➤ পৃ. ৯



যুগশঙ্খ-র কলকাতা দফতরে রাজ্য বিজেপির সহ-সভাপতি বিশ্বপ্রিয় রায়চৌধুরী।